

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর)
মহাখালী, ঢাকা ১২১২
টেলিফোনঃ ৯৮৯৮৭৯৬, ৯৮৯৮৬৯১ ফ্যাক্সঃ ৯৮৮০৪৪০
ই-মেইলঃ info@iedcr.gov.bd ওয়েবসাইটঃ www.iedcr.gov.bd

স্মারক নং-আইইডিসিআর/সিপিবিডিএস/২০১৯/ ৮২৭

তারিখঃ ২০/০৮/২০১৯ খ্রিঃ।

নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য মন্ত্রণালয়ের রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর) ২০১২ সাল থেকে মোবাইল ফোনের মাধ্যমে স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন তথ্য সংগ্রহ করার লক্ষ্যে 'Cell Phone Based Disease Surveillance' কার্যক্রম পরিচালনা করে আসছে। সংগৃহীত তথ্য স্বাস্থ্য অধিদপ্তরের বিভিন্ন জনস্বাস্থ্য উন্নয়নমূলক কার্যক্রমকে সমৃদ্ধ করছে। এই কার্যক্রমের জন্য কয়েকজন ইন্টারভিউয়ার আবশ্যিক। প্রকল্পের অধীনে বিধি মোতাবেক চুক্তিভিত্তিক অস্থায়ীভাবে সরাসরি জনবল নিয়োগ করা হবে। আগ্রহী যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী নাগরিকগণের কাছ থেকে নিম্নলিখিত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	নিয়োগের ধরণ ও ব্যাপ্তিকাল	কর্মস্থল	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
ইন্টারভিউয়ার	চুক্তিভিত্তিক প্রাথমিকভাবে ৩ মাস	আইইডিসিআর, মহাখালী, ঢাকা	• কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতোকোত্তর।	• কম্পিউটারে দক্ষতা/সেলফোনে অথবা মুখোমুখি জরিপের অভিজ্ঞতা/কম্পিউটারে তথ্য অন্তর্ভুক্তি/ডাটা এন্ট্রির অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। * অভিজ্ঞ প্রার্থীর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।

শর্তাবলী

যোগ্যতা সম্পন্ন আগ্রহী প্রার্থীদেরকে ই-মেইল যোগে (recruitment@iedcr.gov.bd) অথবা সরাসরি আইইডিসিআর অফিসে (কক্ষ নং ২০৬) অফিস চলাকালীন সময়ে (সকাল ৯টা থেকে বিকাল ৫টা) খামের উপর পদের নাম উল্লেখপূর্বক পরিচালক, আইইডিসিআর বরাবর আবেদনপত্র জমা দিতে হবে। শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীর সঙ্গে পরীক্ষার জন্য যোগাযোগ করা হবে। আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখঃ ২৪/০৮/২০১৯, বিকাল ৫টা।

১. আবেদনপত্র জমাদানের ঠিকানাঃ

পরিচালক

রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর)

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।

ই-মেইল: recruitment@iedcr.gov.bd

২. প্রার্থীদেরকে নিম্নোলিখিত কাগজপত্র জমা দিতে হবেঃ

ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি সত্যায়িত ছবি।

খ) পরিচালক, আইইডিসিআর বরাবর আবেদন পত্র।

গ) জীবন বৃত্তান্ত।

ঘ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

ঙ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।

৩. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য নয়।



(অধ্যাপক ডাঃ মীরজাদী সেব্রিনা ফ্লোরা)

পরিচালক

ফোন নং- ০২-৯৮৪২২৭০